দৈনিক ইত্তেফাক

তারিখ : ০৮.০৭.২০০০
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ......
305

### পরীক্ষায় নকল করার দায়ে

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৫ বছরে ৫ সহস্রাধিক বহিষ্কৃত

ঢাকা বিশ্ববিদ্যালয় হইতে সংবাদদাতা ॥ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার পর নকলের কালো থাবা এখন বিশ্ববিদ্যালয়কে গ্রাস করিয়াছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পরীক্ষায় ছাত্রছাত্রীদের মধ্যে নকল করার প্রবণতা ক্রমেই বাড়িয়া চলিয়াছে। পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে গত ৫ বছরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫ হাজার ৩ শত ৮৬ জন ছাত্রছাত্রীকে বহিষ্কার করা হইয়াছে। বহিষ্কৃত এ ছাত্রছাত্রীদের নিকট হইতে আড়াই লক্ষ টাকারও বেশী জরিমানা আদায় করা হইয়াছে বলিয়া সূত্র জানায়। এই সকল পরীক্ষার্থীর সংশ্লিষ্ট পরীক্ষা বাতিলসহ পরবর্তী এক বা একাধিক বছরের জন্য পরীক্ষায় অংশগ্রহণ নিষিদ্ধ করা হইয়াছে। (১৩শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে

(৩য় পৃঃ পর)

জানা যায়, ১৯৯৯ সালে অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের আওতাধীন এম,বি,বি,এস শেষ পর্ব (সনাতন) মাস্টার্স ডিগ্রী, বি,এইচ,এম,এস, বি,ডি,এস, এল,এল,বি বিভিন্ন বিষয়ে অনার্স এবং মাস্টার্সসহ সর্বমোট ৭৩টি পরীক্ষায় ১২ শত ২১ জনকে বহিষ্কার করিয়া ৮৫ হাজার টাকা জরিমানা আদায় করা হইয়াছে। ইহার মধ্যে সবচাইতে বেশী ছাত্রছাত্রীকে বহিষ্কার করা হইয়াছে সনাতন পদ্ধতির শেষ পর্ব মাস্টার্স ডিগ্রী পরীক্ষায়। এ পরীক্ষায় মোট ৪ শত ৯৯ জনকে বহিষ্কার করা হয়। এলএলবি পরীক্ষায় (১ম পর্ব ও শেষ পর্ব) ৪শত ৫০ জনকে বহিষ্কার করা হয়। চিকিৎসা শাস্ত্রের ছাত্ররাও নকলের ক্ষেত্রে পিছাইয়া নাই। এমবিবিএস পরীক্ষায়ও বহিষ্কার করা হয় ৫০ জনকে।